

বাংলাদেশ নির্বাচন কমিশন
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
নরসিংদী
www.ecs.gov.bd

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরী

নং-১৭.০২.৬৮০০.০০০.৪৪.০০৪.২২-৪৭১

তারিখঃ ১৬ আগস্ট ২০২৩ খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন সচিবালয়ের ৩০ জুলাই ২০২৩ তারিখের ১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৮.২২-৭৩২ নম্বর পত্রের নির্দেশনা অনুযায়ী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নরসিংদী জেলার ০৫টি নির্বাচনী এলাকার (১৯৯ নরসিংদী-১, ২০০ নরসিংদী-২, ২০১ নরসিংদী-৩, ২০২ নরসিংদী-৪ এবং ২০৩ নরসিংদী-৫) খসড়া ভোটকেন্দ্রের তালিকা প্রকাশ করা হলো। খসড়া ভোটকেন্দ্রের তালিকাসমূহ নিম্নবর্ণিত সময় সূচি অনুসারে চূড়ান্তকরণ করা হবে।

ক)	খসড়া ভোটকেন্দ্রের তালিকা প্রকাশঃ	১৬ আগস্ট ২০২৩
খ)	খসড়া ভোটকেন্দ্রের তালিকার উপর দাবী/আপত্তি গ্রহণের শেষ তারিখঃ	৩১ আগস্ট ২০২৩
গ)	প্রাপ্ত দাবী/আপত্তি নিষ্পত্তির শেষ তারিখঃ	১১ সেপ্টেম্বর ২০২৩
ঘ)	খসড়া ভোটকেন্দ্রের তালিকা চূড়ান্তকরণঃ	১৭ সেপ্টেম্বর ২০২৩

২। উক্ত খসড়া ভোটকেন্দ্রের তালিকাসমূহ জেলা প্রশাসক, নরসিংদী, জেলা নির্বাচন কর্মকর্তা, নরসিংদী, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় (সকল), নরসিংদী ও উপজেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয় (সংশ্লিষ্ট), নরসিংদী এর নোটিশ বোর্ড এবং উপজেলা পরিষদ, পৌরসভা ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

৩। খসড়া ভোটকেন্দ্রের তালিকার উপর যদি কারো কোন দাবী/আপত্তি/সুপারিশ থাকে তবে তা জেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়, নরসিংদী অথবা উপজেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয় (সংশ্লিষ্ট), নরসিংদী বরাবর প্রয়োজনীয় দলিলাদিসহ নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে লিখিতভাবে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখ ও সময় সীমার পর ডাকযোগে প্রাপ্ত আবেদন বিবেচনার অযোগ্য বলে গণ্য হবে।

সংযুক্তঃ

ভোটকেন্দ্রের তালিকা-.....(.....) পাতা



(মোহাম্মদ রবিউল আলম)
জেলা নির্বাচন অফিসার
নরসিংদী

নং-১৭.০২.৬৮০০.০০০.৪৪.০০৪.২২-৪৭১

তারিখঃ ১৬ আগস্ট ২০২৩ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, (নি: স:-১)।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, নরসিংদী ও আহবায়ক, জেলা ভোটকেন্দ্র স্থাপন কমিটি।
- ৪। পুলিশ সুপার, নরসিংদী ও সদস্য, জেলা ভোটকেন্দ্র স্থাপন কমিটি।
- ৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, নরসিংদী ও সদস্য, জেলা ভোটকেন্দ্র স্থাপন কমিটি।
- ৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নরসিংদী ও সদস্য, জেলা ভোটকেন্দ্র স্থাপন কমিটি।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), নরসিংদী।
- ৯। উপজেলা নির্বাচন অফিসার, (সকল), নরসিংদী (নিজ কার্যালয়সহ উল্লিখিত সকর কার্যালয়ে পৌছানো ও গুরুত্বপূর্ণ স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হলো।
- ১০। অফিসার ইনচার্জ, (সকল থানা), নরসিংদী
- ১১। অফিস নোটিশ বোর্ড।


(মোহাম্মদ রবিউল আলম)
জেলা নির্বাচন অফিসার
নরসিংদী